

৬০৯৫
২৪

বরিশাল বোর্ডে নকলের অভিযোগে অভিযুক্ত পরীক্ষার্থীরা ৪ বছর এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না

৷ বরিশাল অফিস ৷
বরিশাল বোর্ডের অধীন গত বছর
এইচএসসি পরীক্ষায় নকলের অভিযোগে
অভিযুক্ত ৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে ২২ জন
২০০৮-২০১০ সাল পর্যন্ত এইচএসসি পরীক্ষায়

অংশগ্রহণ করতে পারবে না। ২০০৬ সালের
এইচএসসি পরীক্ষায় নকলের অভিযোগে
অভিযুক্ত ৭৪ পরীক্ষার্থীর ব্যাপারে সিদ্ধান্ত
গ্রহণের জন্য সম্মতি এক সভা অনুষ্ঠিত হয়।
বোর্ড চেয়ারম্যান প্রফেসর মুহম্মদ

হাসানুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায়
অভিযুক্ত পরীক্ষার্থীদের অপরাধের ভারতমা
অনুসারে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ
করা হয়। একটি ফ্রপকে তদুযায় চলতি বছর
এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না
বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

তাদের গত বছরের অনুষ্ঠিত পরীক্ষার সকল
উত্তরপত্র বাতিল করা হয়। কিন্তু ৭৪ জন
অভিযুক্তদের একজনও এ ফ্রপে পড়েনি।
অভিযুক্তদের মধ্যে ৫২ জন পরীক্ষার্থী চলতি
বছর অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ
করতে পারবে না। নকলের দায়ে অভিযুক্ত ১৯
জন পরীক্ষার্থী ২০০৮ সাল পর্যন্ত এইচএসসি
পরীক্ষায় অংশ নিতে পারবে না। বাকী ৩ জন
অভিযুক্ত শিক্ষার্থী ২০১০ সাল পর্যন্ত এইচএসসি
পরীক্ষা দিতে পারবে না বলে সিদ্ধান্ত গ্রহণ করা
হয়। ফলে ২০০৮ ও ২০১০ সাল পর্যন্ত যে ২২
জন শিক্ষার্থী পরীক্ষা দিতে পারবে না তাদের
শিক্ষা জীবনে অনিচ্ছিত্য নেমে এসেছে।

বোর্ডের একটি সূত্র জানায়, এত বিরুদ্ধে
কোন আবেদন করার সুযোগ নেই। তারা জানান,
এদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করলে
পরবর্তীতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীরা পুনরায়
নকলের সুযোগ গ্রহণ করতে পারে বলে এ সিদ্ধান্ত
নেয়া হয়েছে।